Faruque Hassan
President

BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৩/ ২০২

তারিখঃ ২৭/০৮/২০২৩

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ ২০২৩-২০২৪ অর্থবছরে রপ্তানির বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।**

সূত্রঃ বাংলাদেশ ব্যাংকের এফই সার্কুলার নং- ১৩, তারিখ: ২৪/০৮/২০২৩।

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। ২০২৩-২০২৪ অর্থ বছরেও রপ্তানির বিপরীতে প্রদত্ত নগদ সহায়তার হার পূর্ববর্তী বছরের ন্যায় বহাল রাখার জন্য সরকারের সর্বোচ্চ পর্যায়ে বিজিএমইএ'র পক্ষ হতে জোর প্রচেষ্টা চালানো হয়। বিজিএমইএ'র প্রচেষ্টার ফলশ্রুতিতে সরকার বিষয়টির গুরুত্ব অনুধাবন করে চলতি অর্থ বছরের জন্যও প্রদত্ত নগদ সহায়তার হার পূর্বের ন্যায় বহাল রেখেছে। যার জন্য আমরা মাননীয় প্রধান মন্ত্রী, অর্থ মন্ত্রী, বাণিজ্য মন্ত্রী, অর্থ সচিব, বাণিজ্য সচিব, বাংলাদেশ ব্যাংকের গভর্ণর সহ সংশ্লিষ্ট সকলের নিকট কৃতজ্ঞ।

চলতি অর্থবছর ০১ জুলাই, ২০২৩ হতে ৩০ জুন, ২০২৪ পর্যন্ত জাহাজীকৃত সংশ্লিষ্ট পণ্য রপ্তানির বিপরীতে পূর্বের বছরের ন্যায় একই হারে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদান সংক্রান্ত বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সূত্রোক্ত সার্কুলারটি আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

আমরা আশা করি নগদ সহায়তার হার পূর্বের ন্যায় নির্ধারন করার ফলে রপ্তানিকারকদের পক্ষে রপ্তানির সক্ষমতা ধরে রাখা সম্ভব হবে।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

Shahinur-customs

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379122 | E-mail: info@bgmeactg.org

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নং ১৩

আগস্ট ২৪, ২০২৩
তারিখ: -------------------
ভাদ্র ০৯, ১৪৩০

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়,

২০২৩-২০২৪ অর্থবছরে রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদান।

দেশের রপ্তানি বাণিজ্য উৎসাহিত করার লক্ষ্যে সরকার চলতি ২০২৩-২০২৪ অর্থবছরের জুলাই ০১, ২০২৩ থেকে জুন ৩০, ২০২৪ তারিখ পর্যন্ত জাহাজীকৃত সংশ্লিষ্ট পণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এক্ষেত্রে এফই সার্কুলার নং ২৬, তারিখ সেপ্টেম্বর ১৯, ২০২২-এর সাথে সংযুক্ত তালিকাতে উল্লিখিত ৪৩টি পণ্য (প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট খাতের পণ্য) রপ্তানির বিপরীতে বিদ্যমান হারে ২০২৩-২০২৪ অর্থবছরে আলোচ্য সুবিধা পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত পরিশিষ্ট-'ক' মোতাবেক বহাল থাকবে।

০২। পূর্ববর্তী বছরগুলোর ন্যায় চলতি ২০২৩-২০২৪ অর্থবছরেও রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তার আবেদনপত্র বাংলাদেশ ব্যাংক অনুমোদিত এবং সংশ্লিষ্ট ব্যাংকের নিয়োজিত অডিট ফার্ম দ্বারা নিরীক্ষা করানো যাবে। তবে নিরীক্ষা কার্যক্রম দ্রুত সম্পাদনের লক্ষ্যে অতিরিক্ত ফার্ম নিয়োগের প্রয়োজন হলে সে বিষয়ে যৌক্তিকতা ও প্রয়োজনীয় তথ্যসহ অডিট ফার্মের সংখ্যা উল্লেখপূর্বক বাংলাদেশ ব্যাংক বরাবর আবেদন করতে হবে। এতদ্‌বিষয়ে জুন ০২, ২০০২ তারিখে জারিকৃত সার্কুলার পত্র নং এফইপিডি(কম) ২৯১/২০০২-১৩৬৭ এর নির্দেশনাসহ প্রযোজ্য অপরাপর সকল সার্কুলার পত্রের নির্দেশনা অনুসরণীয় হবে।

রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য শর্তসহ সকল এফই সার্কুলার/সার্কুলার পত্রের নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে। সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদ্‌মর্মে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি : পরিশিষ্ট-'ক' (২ পাতা)

(মোঃ সরোয়ার হোসেন)
পরিচালক (এফইপিডি)
ফোন: ৯৫৩০১২৩

সূত্র : এফই সার্কুলার নং ১৩/২০২৩ দ্রষ্টব্য

পরিশিষ্ট -'ক'

## রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তাভুক্ত পণ্য/খাত এর তালিকা

| ক্রমিক নং | রপ্তানি পণ্যের নাম | প্রযোজ্য হার |
|---|---|---|
| ১ | রপ্তানিমুখী দেশিয় বস্ত্রখাতে শুল্ক বন্ড ও ডিউটি ড্র-ব্যাক এর পরিবর্তে বিকল্প নগদ সহায়তা | ৪.০০% |
| ২ | রপ্তানিমুখী তৈরী পোশাক খাতের (নীট, ওভেন ও সোয়েটার) অন্তর্ভুক্ত সকল ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অতিরিক্ত সুবিধা | ৪.০০% |
| ৩ | নতুন পণ্য/নতুন বাজার (বস্ত্র খাত) সম্প্রসারণ সহায়তা (আমেরিকা/কানাডা/ইইউ/ইউকে ব্যতীত) | ৪.০০% |
| ৪ | ইউরো অঞ্চলে বস্ত্রখাতের রপ্তানিকারকদের জন্য বিদ্যমান ৪% এর অতিরিক্ত বিশেষ সহায়তা | ২.০০% |
| ৫ | তৈরী পোশাক খাতে বিশেষ নগদ সহায়তা | ১.০০% |
| ৬ | কৃষিপণ্য (শাকসব্জি/ফলমূল) ও প্রক্রিয়াজাত (এগ্রোপ্রসেসিং) কৃষিপণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ৭ | হাল্কা প্রকৌশল পণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি | ১৫.০০% |
| ৮ | পাটজাত দ্রব্যাদি রপ্তানি খাতে নগদ ভর্তুকি:<br>ক) বৈচিত্র্যকৃত পাট পণ্য (Diversified Jute Products)<br>খ) পাটজাত চূড়ান্ত দ্রব্য (হেসিয়ান, সেকিং ও সিবিসি)<br>গ) পাট সুতা (ইয়ার্ন ও টোয়াইন)<br>(পাট আইন, ২০১৭ তে উল্লিখিত বৈচিত্র্যকৃত পাটপণ্যের সংজ্ঞা অনুসারে ন্যূনতম ৫০ ভাগ মূল্যমানের পাটের ব্যবহার থাকতে হবে) | <br>২০.০০%<br>১২.০০%<br>৭.০০% |
| ৯ | Active Pharmaceuticals Ingredients (API) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ১০ | ১০০% হালাল মাংস ও ১০০% হালাল প্রক্রিয়াকৃত মাংসজাত পণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ১১ | হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানি খাতে নগদ সহায়তা :<br>(ক) হিমায়িত চিংড়ি রপ্তানিতে বরফ আচ্ছাদনের হার<br>Up to 20%<br>Above 20% to 30%<br>Above 30% to 40%<br>Above 40%<br>(খ) হিমায়িত অন্যান্য মাছ রপ্তানিতে বরফ আচ্ছাদনের হার<br>Up to 20%<br>Above 20% to 30%<br>Above 30% to 40%<br>Above 40% | <br><br>১০.০০%<br>৯.০০%<br>৮.০০%<br>৭.০০%<br><br>৫.০০%<br>৪.০০%<br>৩.০০%<br>২.০০% |
| ১২ | চামড়াজাত দ্রব্যাদি রপ্তানি খাতে নগদ সহায়তা<br>(সিলিং সীমা পূর্বের ন্যায় বহাল থাকবে) | ১৫.০০% |
| ১৩ | সাভারে চামড়া শিল্প নগরীতে অবস্থিত কারখানা ও সাভারের বাইরে অবস্থিত নিজস্ব ইটিপি রয়েছে এরূপ কারখানাসমূহে উৎপাদিত ক্রাস্ট ও ফিনিশড লেদার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ১৪ | আলু রপ্তানি খাতে নগদ সহায়তা | ২০.০০% |
| ১৫ | পাটকাঠি থেকে উৎপাদিত কার্বন ও জুট পার্টিকেল বোর্ড রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ১৬ | ফার্নিচার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১৫.০০% |
| ১৭ | শস্য ও শাক সব্জি-এর বীজ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ১৮ | আগর ও আতর রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ১৯ | অ্যাকুমুলেটর ব্যাটারী (HS Code: 8507.10 এবং 8507.20) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১৫.০০% |
| ২০ | সিনথেটিক ও ফেব্রিকস এর মিশ্রণে তৈরী পাদুকা ও ব্যাগ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১৫.০০% |
| ২১ | প্লাস্টিক দ্রব্য রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |

চলমান পাতা-০২

CamScanner

| | | |
|---|---|---|
| ২২ | দেশে উৎপাদিত কাগজ ও কাগজ জাতীয় দ্রব্য রপ্তানিতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ২৩ | (ক) বাংলাদেশ হতে সফটওয়্যার, আইটিইএস (Information Technology Enabled Services) ও হার্ডওয়্যার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি<br>(খ) সফটওয়্যার ও আইটিইএস সেবা রপ্তানির বিপরীতে ব্যক্তি পর্যায়ের ফ্রিল্যান্সারদের জন্য রপ্তানি ভর্তুকি | ১০.০০%<br>৪.০০% |
| ২৪ | জাহাজ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ২৫ | ফার্মাসিউটিক্যালস পণ্য (মেডিক্যাল/সার্জিক্যাল Instruments and Appliances সহ) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ২৬ | হাতে তৈরী পণ্য (হোগলা, খড়, আখের/নারিকেলের ছোবড়া, গাছের পাতা/খোল, গার্মেন্টস এর ঝুট কাপড় ইত্যাদি) রপ্তানি খাতে নগদ সহায়তা | ১০.০০% |
| ২৭ | গরু মহিষের নাড়ি, ভুঁড়ি, শিং ও রগ (হাড় ব্যতীত) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ২৮ | (ক) পেট বোতল-ফ্লেক্স রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি<br>(খ) পেট বোতল-ফ্লেক্স হতে উৎপাদিত পলিইয়েস্টার স্টাপল ফাইবার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০%<br>১০.০০% |
| ২৯ | Photovoltaic Module রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩০ | মোটর সাইকেল রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩১ | কেমিক্যাল পণ্য (ক্লোরিন, হাইড্রোক্লোরিক এসিড, কস্টিক সোডা এবং হাইড্রোজেন পারঅক্সাইড) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩২ | রেজার ও রেজার ব্লেডস্ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩৩ | সিরামিক দ্রব্য রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩৪ | টুপি রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩৫ | কাঁকড়া ও কুঁচে (জীবন্ত, হিমায়িত ও সফটসেল) রপ্তানিতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩৬ | Galvanized Sheet/Coils (Coated with Zinc, Coated with Aluminium ও Zinc এবং Color Coated) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩৭ | কনজিউমার ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল হোম ও কিচেন অ্যাপ্লায়েন্স পণ্য রপ্তানিতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩৮ | চাল রপ্তানিতে রপ্তানি ভর্তুকি | ১৫.০০% |
| ৩৯ | বিশেষায়িত অঞ্চল (বেজা, বেপজা ও হাইটেক পার্ক) এ অবস্থিত প্রতিষ্ঠানের অনুকূলে রপ্তানি ভর্তুকি<br>এফই সার্কুলার নম্বর ৩৪/২০২১ এর -<br>১) প্রথম অনুচ্ছেদের (ক) উপঅনুচ্ছেদ অনুসারে সংশ্লিষ্ট সার্কুলারের আওতায় পরিশোধ্য রপ্তানি ভর্তুকি (এফই সার্কুলার নং ০১, তারিখ জানুয়ারি ০৭, ২০২০ এর আওতায় পরিশোধ্য তৈরি পোশাক খাতে বিশেষ নগদ সহায়তা ব্যতীত)<br>২) প্রথম অনুচ্ছেদের (খ) উপঅনুচ্ছেদের আওতায় টাইপ-এ ও টাইপ-বি প্রতিষ্ঠানের প্রক্রিয়াজাত কৃষিপণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি<br>৩) প্রথম অনুচ্ছেদের (ক) উপঅনুচ্ছেদের আওতায় এফই সার্কুলার নং ০১, তারিখ জানুয়ারি ০৭, ২০২০ এর আওতায় তৈরি পোশাক খাতে বিশেষ নগদ সহায়তা এবং (গ) উপঅনুচ্ছেদ অনুসারে সকল ক্যাটাগরিভুক্ত প্রতিষ্ঠানের অন্যান্য পণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি। | <br><br>৪.০০%<br><br>৪.০০%<br><br>১.০০% |
| ৪০ | দেশে উৎপাদিত চা রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ৪.০০% |
| ৪১ | দেশে উৎপাদিত বাইসাইকেল ও এর পার্টস রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ৪.০০% |
| ৪২ | দেশে উৎপাদিত MS Steel Products রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ৪.০০% |
| ৪৩ | দেশে উৎপাদিত সিমেন্ট শিট রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ৪.০০% |

CamScanner